বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৭-৪(গ)

তারিখ: ০৮/০৮/২০১৭খ্রি./২৪ শ্রাবণ ১৪২৪ ব.।

**বিষয়: ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় সোলার হোম সিস্টেম, সোলার মিনি/মাইক্রো/ন্যানো গ্রীড, সৌর সেচ পাম্প, বায়োগ্যাস প্ল্যান্ট ও উন্নত চুলা প্রকল্প বাস্তবায়নে ১ম ও ২য় কিস্তির নির্বাচনী এলাকা, আংশিক সিটি কর্পোরেশন এবং সংরক্ষিত মহিলা আসনের অনুকূলে Notional Allocation (সম্ভাব্য বরাদ্দ) প্রদান।**

উপর্যুক্ত বিষয়ে ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় সোলার হোম সিস্টেম, সোলার মিনি/মাইক্রো/ন্যানো গ্রীড, সৌর সেচ পাম্প, বায়োগ্যাস প্ল্যান্ট ও উন্নত চুলা প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে **৩৩৫,০২,২৬,০৭২.৮৪ টাকার ৫০% টাকা ১৬৭,৫১,১১,৫৩৬.৪১ টাকা** ১ম ও ২য় কিস্তিতে নির্বাচনী এলাকা, আংশিক সিটি কর্পোরেশন এবং সংরক্ষিত মহিলা আসনের অনুকূলে Notional Allocation (সম্ভাব্য বরাদ্দ) প্রদানের নিমিত্ত মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর নির্দেশক্রমে ছাড় করা হলো। এই বরাদ্দ বাজেট কোড ৪৯০১-৫০৯০ হতে নির্বাহের জন্য অনুরোধ করা হলো।

| ক্রম | বরাদ্দের খাত | মোট বরাদ্দের পরিমাণ (টাকা) | সোলার হোম সিস্টেম (মোট বরাদ্দের ৫০% টাকা) |
|---|---|---|---|
| ১। | ২৭০টি নির্বাচনী এলাকা | ৩১১,২০,১৯,১৩৮.৭৬ | ১৫৫,৬০,০৯,৫৬৯.৩৮ |
| ২। | আংশিক সিটি কর্পোরেশন-০৮টি | ৪,৬১,০৬,৯৮৭.২৪ | ২,৩০,৫১,৯৯৩.৬২ |
| ৩। | সংরক্ষিত মহিলা আসন (৫০টি) | ১৯,২০,৯৯,৯৪৬.৮৪ | ৯,৬০,৪৯,৯৭৩.৪২ |
| | মোট: | ৩৩৫,০২,২৬,০৭২.৮৪ | ১৬৭,৫১,১৩,০৩৬.৪২ |

**শর্তসমূহঃ**

(১) এ মন্ত্রণালয়ের ১ম ও ২য় পর্যায়ের সম্ভাব্য বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা আগামী ৩১/০৯/২০১৭ খ্রি. তারিখের মধ্যে সর্বশেষ কাবিটা কর্মসূচির নির্দেশিকা অনুসরণ করে জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;

(২) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধান ও কাবিটা নির্দেশিকায় বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৩) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ /বাছাই কাবিটা কর্মসূচির নির্দেশিকা ৪ নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৪) জেলা কর্ণধার কমিটির অনুমোদনকৃত প্রকল্পের অনুকূলে অর্থ ছাড় করণের জন্য জেলা প্রশাসকগণ প্রতিবেদন অনুসারে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর মূল বরাদ্দ প্রদান করবে;

(৫) সংরক্ষিত আসনের মাননীয় মহিলা সংসদ সদস্যদের অনুকূলে সম্ভাব্য বরাদ্দকৃত অর্থ ব্যবহারের লক্ষ্যে তাঁর অভিপ্রায় অনুসারে জেলা/ উপজেলাওয়ারী বিভাজন সংগ্রহ করে তা সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের বরাবর এবং নির্বাচনী এলাকাভিত্তিক সম্ভাব্য বরাদ্দ সকল জেলা প্রশাসকদের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করতে হবে।

(৬) গ্রামীণ অবকাঠামো কর্মসূচির নির্দেশিকায় উল্লেখিত সময়ের মধ্যে প্রতি বছরের সম্ভাব্য বরাদ্দের পরিমাণ সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে অবহিত করা। বরাদ্দ খাদ্যশস্যের পরিবর্তে নগদ টাকায় প্রদান অব্যাহত রাখা।

(৭) প্রকল্প বাছাই, গ্রহণ, বাস্তবায়ন এবং সমাপ্ত করার জন্য সময় নির্ধারণ এবং তা আবশ্যিকভাবে প্রতিপালন করা। প্রকল্প বাছাই প্রক্রিয়া সহজ ও সময় ক্ষেপন রোধে প্রতিটি উপজেলায় "গ্রামীণ অবকাঠামো সংস্কার কমিটির'র মাধ্যমে অগ্রাধিকার ভিত্তিতে ০৩ (তিন) বছর মেয়াদী "ত্রি-বার্ষিক রোলিং প্লান" প্রস্তুত করা যেতে পারে। উক্ত রোলিং প্লান হতে বছরওয়ারী বরাদ্দ অনুযায়ী প্রকল্প গ্রহণ করা হলে যথা সময়ে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন ও সুষ্ঠুভাবে প্রকল্পের কাজ শেষ করা যাবে। তবে প্রাকৃতিক দুর্যোগ বা বিশেষ কারণে রোলিং প্লানের বর্হিভূত বিশেষ বিবেচনায় প্রকল্প গ্রহণের সুযোগ রাখা যেতে পারে।

(৮) প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা কর্মত্তোর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়: প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করা।

(৯) নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ।

(১০) প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সরকারী কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করা।

(১১) মাটি সংকোচনের হার সর্বোচ্চ কত বছর পর্যন্ত এবং কি হারে হবে তা সুনির্দিষ্ট করা।

(১২) বরাদ্দ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করা।

(১৩) কোন প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত/ আইন বিধির আওতায় আনা।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ হোসেন)
উপসচিব (ত্রাক-২)
ফোনঃ ৯৫৪০১৪৩
dsreliefprog2@modmr.gov.bd

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

অপর পাতা দ্র:

নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০০১.১৭-৪(গ) তারিখ: ০৮/০৮/২০১৭ খ্রি./২৪ শ্রাবণ ১৪২৪ ব.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় সংসদ সদস্য (সকল),.......................................................................................................।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৬। জেলা প্রশাসক, (সকল) -----------------------------------------------।
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮। নির্বাহী পরিচালক, ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্ট কোঃ লিঃ (IDCOL), ইউটিসি ভবন, ১৬ তলা, ৮ পান্থপথ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
৯। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
১১। সিষ্টেম এনালিষ্ট, আই, সি, টি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য) ।
১২। অতিঃ সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিঃ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোহাম্মদ হোসেন)
উপসচিব (ত্রাক-২)।